গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০২.১৭- ৪৬

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৬ / ১০ অক্টোবর ২০১৯

বিষয় : ২৪/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত সুরক্ষা সেবা বিভাগের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে গত ২৪/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত সুরক্ষা সেবা বিভাগের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ ফর্দ।

১০/১০/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
E-mail : fire1@ssd.gov.bd

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশীবাজার, ঢাকা।
০৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ২৪ সেপ্টেম্বর ২০১৯ |
| সময় | : | বেলা ১১.০০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা নির্ধারিত ছকে প্রণয়ন করে গত ০৩/৭/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৫/৭/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখার রিপোর্ট অনুযায়ী বিগত ২০১৮-২০১৯ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগ শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৯৪% বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে বলে তিনি উল্লেখ করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে তিনি শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত বর্তমান ধারা অব্যাহত রাখার জন্য সকলের প্রতি আহবান জানান।

০২। <u>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন</u> :

১১/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। <u>সুরক্ষা প্রদান বিধিমালা ২০১৭ মোতাবেক ডেজিগনেটেড অফিসার মনোনয়ন</u> :

২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৫.৩ নং কর্মসম্পাদন সূচকে সুরক্ষা প্রদান বিধিমালা, ২০১৭ এর ৪ নং বিধি অনুযায়ী গত ২৫/০৮/২০১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগের উপসচিব জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়াকে ডেজিগনেটেড অফিসার হিসেবে মনোনয়ন প্রদান করে তার মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে বলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। উক্ত বিধিমালা ভালোভাবে পড়ে এবং প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখার সাথে যোগাযোগ করে সুষ্ঠু ও যথাযথভাবে ডেজিগনেটেড অফিসার এর দায়িত্ব পালন করার জন্য উক্ত কর্মকর্তার প্রতি আহবান জানানো হয়।

০৪। <u>ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন</u> :

শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৫.২ নং কর্মসম্পাদন সূচকে ২৫/০৮/২০১৯ তারিখের মধ্যে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ২৫/০৮/২০১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগের উপসচিব জনাব মো: আবুল কালাম তালুকদার-কে ফোকাল পয়েন্ট এবং প্রোগ্রামার জনাব মো: আইয়ুব হোসেন-কে বিকল্প ফোকাল পয়েন্ট মনোনীত করে তাদের মোবাইল নম্বর এবং ই-মেইল এ্যাড্রেস ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ডিজিটাল আর্কিটেকচার বিষয়ে ভালোভাবে জেনে নিয়ে এবং প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখার সাথে যোগাযোগ করে কার্যকরভাবে দায়িত্ব পালন করার জন্য উক্ত ০২ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

০৫। <u>তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ</u> :

নিজস্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে হালনাগাদ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। উক্ত সময়ের মধ্যে সুরক্ষা সেবা বিভাগের তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করার জন্য সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ এবং বিভাগের প্রোগ্রামার-কে অনুরোধ জানানো হয়।

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

০৬। জিআরএস সেবাবক্স হালনাগাদকরণ :

৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে জিআরএস সেবাবক্স হালনাগাদ করার জন্য শুদ্ধাচার কর্মপরিকল্পনায় টার্গেট নির্ধারণ করা আছে। জিআরএস সংক্রান্ত কার্যক্রম আরো সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য সভাপতি জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। এ ক্ষেত্রে অনলাইন এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগের তথ্য, অভিযোগের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম ইত্যাদি তথ্য মাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা এবং নির্ধারিত সময়সীমার মধ্যে অত্র বিভাগের জিআরএস সেবাবক্স হালনাগাদকরণের জন্য জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: মুনিম হাসান, যুগ্মসচিব-কে দায়িত্ব প্রদান করা হয়।

০৭। সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ :

শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪.১ নং কর্মসম্পাদন সূচকে টোল ফ্রি নম্বরসমূহ ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে তথ্য বাতায়নে দৃশ্যমানকরণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১'কে অনুরোধ জানানো হয়।

০৮। ভালোকাজে প্রণোদনা প্রদানের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে পুরস্কার প্রদান :

ভালোকাজে প্রণোদনা প্রদানের জন্য প্রত্যেক কোয়ার্টারে ০৩ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা শুদ্ধাচার কর্মপরিকল্পনাতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে জুলাই-সেপ্টেম্বর'২০১৯ সময়ে মন্ত্রণালয়ে সম্পাদিত কাজের মূল্যায়ন করে ০৩ জন কর্মচারীকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে অনুরোধ জানানো হয়।

০৯। দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন :

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালার উদ্ধৃতি দিয়ে সভাপতি জানান যে, দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন অক্টোবর'২০১৯ মাসের প্রথম সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানানো হয়।

১০। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।